

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তানোর, রাজশাহী
www.tanore.rajshahi.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৩.৮১৯৪.০০০.১২.০০৫.২৫- ০৬ (ক)

তারিখ: ১৭ পৌষ ১৪৩১
০১ জানুয়ারি ২০২৫

**রাজশাহী জেলাধীন তানোর উপজেলার ২০ একর পর্যন্ত
বদ্ধ সরকারি জলমহাল/খাসপুকুর সমূহের ইজারা বিজ্ঞপ্তি**

ভূমি মন্ত্রণালয়ের ১৭/১২/২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২).৬৯৪ নং স্মারকে জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল (পুকুর) ইজারার জন্য অনলাইনে (jm.lams.gov.bd) আবেদন দাখিলের বিধান প্রবর্তন করা হয়েছে। এরই পরিপ্রেক্ষিতে রাজশাহী জেলার আওতাধীন তানোর উপজেলার ২৫৬ (দুইশত ছাপান্ন) টি বদ্ধ সরকারি জলমহাল ১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে পরিপ্রেক্ষিতে তানোর উপজেলা থেকে সাধারণ আবেদনে সরকারি জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calendar Year) মধ্যে নিম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

ক্র নং	তারিখ	গৃহীত কার্যক্রম
১.	২১ পৌষের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে সরকারি জলমহাল ইজারার আবেদন আহ্বান।
২.	০১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে	জেলা প্রশাসক, রাজশাহী (এস.এ শাখা) মহোদয়ের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি), তানোর, রাজশাহী এর কার্যালয় হতে ৫০০/- টাকায় (অফেরৎযোগ্য) দরপত্র/আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে ক্রয় সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল। দরপত্র/আবেদন ফরমে বর্ণিত শর্তাবলীসহ সর্বশেষ সরকারি পরিপত্র/নীতিমালা অনুসরণ প্রযোজ্য হবে।
৩.	১৪ মাঘ এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।
৪.	২০ মাঘ থেকে ২৬ মাঘ এর মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই।
৫.	২৭ মাঘ থেকে ০৪ ফাল্গুনের মধ্যে	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন।
৬.	০৫ ফাল্গুন থেকে ২৫ ফাল্গুনের মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।
৭.	২৬ ফাল্গুন থেকে ২৮ ফাল্গুনের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ।
৮.	২৯ ফাল্গুন থেকে ২০ চৈত্রের মধ্যে	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন।
৯.	১ বৈশাখ	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

বি:দ্র: ১। ইজারা বিজ্ঞপ্তি এবং জলমহালের তালিকা সংশ্লিষ্ট ওয়েবসাইটে (tanore.rajshahi.gov.bd) পাওয়া যাবে।

২। ইজারা বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলী সংযোজন/বিরোধ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


মো: বাহরুজ্জামান ইসলাম

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

তানোর, রাজশাহী।

ফোন নং- ০২৪৭৮৫১০০২

email: unotanore@mopa.gov.bd

স্মারক নম্বর - ০৫.৪৩.৮১৯৪.০০০.১২.০০৫.২৫-৯৮ (ক)

তারিখ: ১৭ পৌষ ১৪৩১
০১ জানুয়ারি ২০২৫

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ২। জেলা প্রশাসক, রাজশাহী।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী।
- ৪। প্রশাসক, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহী।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), রাজশাহী।
- ৬। প্রশাসক, তানোর/মুন্ডুমালা পৌরসভা, তানোর, রাজশাহী।

অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলো:

- ৮। সহকারী কমিশনার (ভূমি), তানোর, রাজশাহী।
- ৯। উপজেলা.....কর্মকর্তা, তানোর, রাজশাহী।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। [বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
- ১১। প্রশাসক/চেয়ারম্যান ইউ.পি, তানোর, রাজশাহী। [তাকে বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নবাসী হাট-বাজার সমূহে ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হলো।]
- ১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, তানোর/মুন্ডুমালা/কামারগাঁ, রাজশাহী। [তাকে বিজ্ঞপ্তিটি তাঁর তহশিলের আওতাধীন হাট-বাজার সমূহে ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারান্তে জারীর কপি দরপত্র দাখিলের পূর্বেই নিম্নস্বাক্ষরকারীর অফিসে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।]
- ১৩। সভাপতি/সম্পাদক.....মৎস্যজীবী সমবায় সমিতি, তানোর, রাজশাহী।
- ১৪। নোটিশ বোর্ড (সকল), তানোর, রাজশাহী।
- ১৫। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, রাজশাহী। তাঁকে উল্লিখিত বিজ্ঞাপনটি তার পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প (ন্যূনতম) পরিসরে এক দিনের জন্য প্রচারের নিমিত্ত অনুরোধ করা হলো।
- ১৬। অফিস কপি।

Masfura ০১.০১.২৫

(মাশতুরা আমিনা)

সহকারী কমিশনার (ভূমি)

ও

সদস্য সচিব

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।

তানোর, রাজশাহী।

ফোন নং- ০২৪৭-৮৫১০০২

email: unotanore@mopa.gov.bd